



সিরাজগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি-১

উল্লাপাড়া আর/এস, সিরাজগঞ্জ।

Email- sirajpbs@gmail.com

স্মারক নং-২৭.১২.৮৮৯৪.৫০৯.০৭.০২১.২৬. ৬৪৩৫

১৪ আশ্বিন, ১৪৩৩ বঙ্গাব্দ।

তারিখঃ ২৯ সেপ্টেম্বর, ২০২৬ খ্রিষ্টাব্দ।

বিষয়: মিনি ঠিকাদার হিসেবে স্বল্প দৈর্ঘ্য বৈদ্যুতিক লাইন নির্মাণ/আপগ্রেডেশন/রূপান্তর/ রক্ষণাবেক্ষণ কাজের প্রাথমিক তালিকাভুক্তির বিজ্ঞপ্তি।

২০২৬-২০২৭ অর্থবৎসরে সিরাজগঞ্জ পবিস-১ এর বৈদ্যুতিক লাইন নির্মাণ/আপগ্রেডেশন/রূপান্তর/রক্ষণাবেক্ষণ (১০০-৪১/৪২) কাজ করার নিমিত্তে ৫০টি (কম/বেশি হতে পারে) মিনি ঠিকাদারি প্রতিষ্ঠানকে প্রাথমিক তালিকাভুক্তির জন্য বাংলাদেশের আগ্রহী যেকোনো ঠিকাদারি প্রতিষ্ঠানের নিকট হতে নির্ধারিত ফরমে আবেদন গ্রহণ করা হচ্ছে। পবিস নির্দেশিকা ১০০-৫২ অনুযায়ী নির্ধারিত ফরমে নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে আবেদন করার জন্য অনুরোধ করা হলো:-

শর্তাবলী:-

ক) জেনারেল ম্যানেজার, সিরাজগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি-১ এর অনুকূলে সর্বমোট ৫,৭৫০.০০ (পাঁচ হাজার সাতশত পঞ্চাশ) টাকা (ভ্যাটসহ) নগদ জমা প্রদান সাপেক্ষে (অফেরতযোগ্য) প্রাথমিক তালিকাভুক্তির নির্ধারিত “বাপবিবো ফরম নং- ১০০-৫২-০১ (ভার্সন-১)” আগামী ২৫/১০/২০২৬ খ্রিঃ তারিখ পর্যন্ত অফিস চলাকালীন সময়ে সিরাজগঞ্জ পবিস-১ এর ক্যাশ শাখা হতে সংগ্রহ করা যাবে। উক্ত আবেদন ফরম যথাযথভাবে পূরণপূর্বক প্রতিষ্ঠানের মালিকের স্বাক্ষরসহ আগামী ২৬/১০/২০২৬ খ্রিঃ তারিখ পর্যন্ত অফিস চলাকালীন সময়ের মধ্যে নিম্নোক্ত ডকুমেন্টসহ সিরাজগঞ্জ পবিস-১ এর সদর দপ্তরের প্রশাসন বিভাগে জমা প্রদান করতে হবেঃ

(১) হালনাগাদ ট্রেড লাইসেন্স, ভ্যাট রেজিস্ট্রেশন সনদ, চলতি আয়কর সনদপত্র বা আয়কর রিটার্নের সত্যায়িত ফটোকপি (আয়কর রিটার্নে পরিসম্পদের মোট পরিমাণ উল্লেখ থাকতে হবে)।

(২) এবিসি লাইসেন্সের সত্যায়িত ফটোকপি (বাংলাদেশ বৈদ্যুতিক লাইসেন্সিং বোর্ড কর্তৃক প্রদত্ত)।

(৩) বৈদ্যুতিক সুপারভাইজারি এবিসি লাইসেন্স এর সত্যায়িত ফটোকপি (বাংলাদেশ বৈদ্যুতিক লাইসেন্সিং বোর্ড কর্তৃক প্রদত্ত)।

(৪) বৈদ্যুতিক কাজ করার জন্য প্রয়োজনীয় যন্ত্রপাতির তালিকা।

(৫) ব্যাংক সলভেন্সি সার্টিফিকেট (একটি কার্যাদেশে ১০ লক্ষ টাকার কাজ করার ক্ষমতাসম্পন্ন)।

(৬) স্বত্বাধিকারীর (ছবিসহ জীবনবৃত্তান্ত) যোগ্যতা ও অভিজ্ঞতার সনদ (যদি থাকে)।

(৭) প্রতিষ্ঠানের জনবলের তালিকা ও প্রত্যেকের যোগ্যতা এবং অভিজ্ঞতা (ছবিসহ বায়োডাটা)।

(৮) যানবাহনের তালিকা (যান্ত্রিক যানবাহনের ক্ষেত্রে রেজিস্ট্রেশন নম্বর/ব্লু-বুকের সত্যায়িত ফটোকপি)।

(৯) বর্তমানে চলমান কাজের নাম (যদি থাকে)।

(১০) আবেদন ফি বাবদ টাকা জমার রশিদের মূল কপি আবেদনের সাথে জমা প্রদান করতে হবে।

(১১) মিনি ঠিকাদারি প্রতিষ্ঠান হিসেবে যে যে পবিসে তালিকাভুক্তি আছে তার তালিকা দিতে হবে।

(খ) অসম্পূর্ণ, ঘষামাজা/ওভাররাইটিংযুক্ত আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।

(গ) নির্ধারিত সময়সীমার পর আবেদনপত্র বিক্রয়/গ্রহণ করা হবে না।

(ঘ) আগামী ০৮/১১/২০২৬ খ্রিঃ তারিখে প্রাথমিক মূল্যায়ন কমিটির নিকট দাখিলকৃত সকল দলিলাদির মূল কপি, ব্যবহৃত টুলস/যানবাহন এবং লোকবলসহ উপস্থিত থাকতে হবে।

(ঙ) নিয়মবহির্ভূত ও অনৈতিক কর্মকান্ডের জন্য অন্য যে কোন পবিসের ভাবমূর্তি ক্ষুণ্ণ করে থাকলে ঠিকাদারি প্রতিষ্ঠানের প্রাথমিক তালিকাভুক্তির আবেদন বাতিল বলে গণ্য হবে।

অপর পৃষ্ঠায় দৃষ্টব্য

- (চ) প্রশিক্ষণপ্রাপ্ত সুপারভাইজার/লাইনম্যান অন্য কোনো পবিসে তালিকাভুক্ত/কর্মরত থাকলে, বাপবিবো বা কোনো পবিসে কালো তালিকাভুক্ত থাকলে, প্রয়োজনীয় যন্ত্রপাতি/যানবাহন না থাকলে এবং প্রয়োজনীয় সনদ/দলিলাদি হালনাগাদ না থাকলে উক্ত ঠিকাদারি প্রতিষ্ঠানের প্রাথমিক তালিকাভুক্তির আবেদন বাতিল বলে গণ্য হবে।
- (ছ) ত্রুটিপূর্ণ আবেদনের ক্ষেত্রে কোনো কারণ দর্শানো ব্যতিরেকে যেকোন আবেদনপত্র বাতিল করার অধিকার সিরাজগঞ্জ পবিস-১ কর্তৃপক্ষ কর্তৃক সংরক্ষিত।
- (জ) বিজ্ঞপ্তিতে উল্লিখিত তারিখের মধ্যে প্রয়োজনীয় কাগজাদি প্রদানে ব্যর্থ হলে পরবর্তীতে আর কোনো অবস্থাতেই চলমান অর্থবৎসরে তালিকাভুক্ত করা হবে না।
- (ঝ) সকল কাগজাদি সঠিক থাকা সাপেক্ষে কেবল একবারই প্রাথমিক তালিকাভুক্ত প্রতিষ্ঠানের তালিকা প্রকাশ করা হবে।



(মোঃ নুরুল হুদা)
জেনারেল ম্যানেজার

সদয় অবগতির জন্য অনুলিপি:

০১। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, বগুড়া জোন, বাপবিবো, বগুড়া।

বিতরণ:

- ০১। সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার..... পবিস- ১/২/৩/৪ (আপনার পবিসের নোটিশ বোর্ডে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থার জন্য অনুরোধ করা হলো)।
- ০২। নির্বাহী প্রকৌশলী (এসওডি), বাপবিবো, সিরাজগঞ্জ।
- ০৩। ডিজিএম (সদর দপ্তর-কারিগরি), সলজা/শাহজাদপুর/ভূইয়াগাঁতী/তাড়াশ জোনাল অফিস, সিরাজগঞ্জ পবিস-১।
- ০৪। এজিএম (ইএন্ডসি/ওএডএম/অর্থ/সদস্য সেবা), সিরাজগঞ্জ পবিস-১।
- ০৫। এজিএম (আইটি), সিরাজগঞ্জ পবিস-১ (সিরাজগঞ্জ পবিস-১ এর ওয়েব সাইট ও ফেসবুক পেজ-এ আপলোড করার জন্য নির্দেশ প্রদান করা হলো)।
- ০৬। এজিএম (প্রশাসন), সিরাজগঞ্জ পবিস-১ (অত্র পবিসের সদর দপ্তরের সকল নোটিশ বোর্ডে প্রকাশের ও সকল জোনাল/সাব-জোনাল অফিসসহ অন্যান্য সকল প্রতিষ্ঠানে ই-মেইল করণের ব্যবস্থা গ্রহণ করবেন)।


(মোঃ নুরুল হুদা)
জেনারেল ম্যানেজার

